গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/১৫১

তারিখঃ ৩ অগ্রহায়ণ, ১৪২৩ বঃ
১৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

# কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১/২০১৬

বিষয়: **IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: হামিদ ফেব্রিক্স লিঃ এর ২৪/৮/১৬ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, হামিদ ফেব্রিক্স লিঃ IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন। আবেদন সংশ্লিষ্ট বিস্তারিত তথ্যাদি নিম্নরূপ:-

(ক) **আবেদনকারির পরিচিতি:**

| | |
|---|---|
| আবেদনকারির নাম | হামিদ ফেব্রিক্স লিঃ |
| আবেদনকারির ঠিকানা | হামিদ টাওয়ার, ২৪ গুলশান বা/এ, সার্কেল-২, ঢাকা-১২১২। |
| টেলিফোন নম্বর | ০২-৮৮৩৪৫৬৪-৫ |
| ই-মেইল ঠিকানা | snigdha_hfl@mahingroup.com |

(খ) **রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:**

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software |
| যে ভৌত অবস্থায় (Form)/ প্রকৃতিতে আমদানি করা হবে | Compact Disc (CD) আকারে |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | শ্রীলঙ্কা |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | এইচ.এস.কোড ৮৫২৩.৪৯.২১ (Database, Operating System, Development Tools) |
| রপ্তানিকারক বা সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম/ ঠিকানা - | (ক) নামঃ IFS Research & Development (Pvt.) Limited, Sri Lanka<br>(খ) ঠিকানা: 501 Galle Road, Colombo 06, Sri Lanka<br>(গ) ই-মেইল: asanga.marasinghe@ifsworld.com<br>(ঘ) ওয়েব ঠিকানা: www.ifsworld.com |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত দলিলাদি পর্যালোচনায় দেখা যায় বর্ণিত IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software টিতে মোট ৯টি মডিউল বিদ্যমান। মডিউলগুলো হলো: IFS Foundation 1- Runtime, IFS Document Management (Frame work), IFS Lobby, IFS Financials, IFS Supply Chain, IFS Service Management, IFS Manufacturing, IFS Sales & Marketing, Oracle Database EE NUP ASFU। আমদানিয় পণ্যটি Compact Disc (CD) তে আমদানি হবে মর্মে আবেদনকারি তাঁর আবেদনে উল্লেখ করেছেন।

৩। **আমদানিয় পণ্যের ব্যবহার/উপযোগিতা:**

ইন্টারনেট হতে উইকিপিডিয়া ওয়েবসাইট পর্যালোচনাকরত: আমদানিয় পণ্য অর্থাৎ IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software এর ব্যবহার বা উপযোগিতা সম্পর্কে নিম্নরূপ তথ্য পাওয়া যায়:

"Enterprise Resource planning (ERP) is a category of business-management software, typically a suite of integrated applications, that an organization can use to collect, store, manage and interpret data from many business activities, including: product planning, purchase; manufacturing or service delivery; marketing and sales; inventory management; shipping and payment; finance" (**উৎস:** https:// en.wikipedia. org/wiki/Enterprise_ resource_ planning)।

এছাড়াও আইটি-টুলবক্স ওয়েবসাইট পর্যালোচনাকরত: আলোচ্য পণ্যটির ব্যবহার বা উপযোগিতা সম্পর্কে নিম্নরূপ তথ্য পাওয়া যায়: "ERP software integrates all the aspects of business by one single application with single data repository and allows communication and transfer of information from one module to another in real time. This software also comes equipped with latest analytical tools to work out the meaning hidden in the data" (**উৎস:** http://it. toolbox.com/blogs/erp-management/what-is-erp-difference-between-erp-and-other-simple-software-43228)।

৪। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

**(ক) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনা:**

কোন একটি আমদানিয়/ রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক।

বর্ণিত IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, Harmonized System Explanatory Notes এর পৃষ্ঠা- XVI-8523-1 এর Chapter Note এ উল্লেখ আছে, "This heading covers different types of media, whether or not recorded, for the recording of sound or of other phenomena (e.g., numerical data; text; images, video or other graphical data; **software**)"। উক্ত Chapter Note এ আরো উল্লেখ আছে যে, "Such media are generally inserted into or removed from recording or reading apparatus and may be transferred from one recording or reading apparatus to another"।

বস্তুত:পক্ষে বিভিন্ন ধরনের কম্পিউটার সফটওয়্যারসমূহ (Computer Software) কোন মাধ্যমের দ্বারা সংরক্ষণ, স্থানান্তর ও পরিচালনা করা হয়ে থাকে। আবেদনকারি তাঁর আবেদনে উল্লেখ করেছেন, তিনি বর্ণিত IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software পণ্যটি Compact Disc বা সিডি এর মাধ্যমে আমদানি করবেন। Explanatory Notes এর পৃষ্ঠা- XVI-8523-2 এর Chapter Note এ উল্লেখ আছে, "**Optical media:** Products of this group are generally in the form of discs made of glass, metal or plastics with one or more light-reflective layers, any data (sound or other phenomena) stored on such discs are read by means of a laser beam. This group includes recorded discs and unrecorded discs whether or not rewritable. This group includes, for example, compact discs (**e.g., CDs**, V-CDs, CD-ROMs, CD-RAMs), digital versatile discs (DVDs)"। সুতরাং বর্ণিত পণ্যটি যে মিডিয়ার (সিডি) মাধ্যমে রেকর্ডকৃত অবস্থায় আমদানি করা হবে তা এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা অনুযায়ী Optical media ক্যাটাগরীভুক্ত হবে। অতএব, পণ্যটি এইচ. এস. হেডিং ৮৫.২৩ এর অধীনে Other optical media হিসেবে এইচ. এস. সাব-হেডিং ৮৫২৩.৪৯ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে।

**(খ) বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) এর আলোকে পর্যালোচনা:**

বর্ণিত পণ্যের জন্য প্রযোজ্য এইচ.এস.কোড নির্ধারণের লক্ষ্যে WCO এর এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার পাশাপাশি বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণত: কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে সমধিক পরিচিত) পর্যালোচনা করা হয়েছে। বিসিটি এর হেডিং-৮৫.২৩ কে তথ্য সংরক্ষণ এবং তা পুনঃব্যবহারে সক্ষম দৃশ্যমাণ বস্তুর তথ্য সংরক্ষণের পদ্ধতির উপর ভিত্তিকরে ৪ টি সাব-হেডিং এ ভাগ করা হয়েছে, যথাঃ (১) Magnetic Media, (২) Optical Media, (৩) Semi-conductor Media, এবং (৪) Other Media। পুনরায়, বিসিটি-তে কম্পিউটার সফটওয়্যার সম্বলিত এবং রেকর্ডেড Optical Media বর্ণনায় দুটি এইচ.এস.কোড রয়েছে। এগুলো হচ্ছে, এইচ.এস.কোড ৮৫২৩.৪৯.২১ (Database, Operating System, Development Tools) এবং ৮৫২৩.৪৯.২৯ (Other Computer Software)।

(গ) **প্রাপ্ত তথ্যাদির আলোকে পণ্যটির সঠিক এইচ.এস.কোডঃ**

আবেদনে বর্ণিত পণ্যের বিষয়ে পর্যালোচনা ও বিশ্লেষণের জন্য গত ৯/১০/২০১৬ খ্রিঃ তারিখ জাতীয় রাজস্ব বোর্ডে অগ্রিম রুলিং ইউনিটের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচ্য পণ্যের ক্যাটালগ, আবেদনকারির বক্তব্য, ইউনিট সদস্যদের মতামত, ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য, এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা এবং বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এর ব্যাখ্যার আলোকে বর্ণিত পণ্যটির সম্ভাব্য এইচ.এস.কোড পর্যালোচনা করা হয়।

পর্যালোচনায় দেখা যায়, a database is a place where data is stored and when needed, those data are used on the basis of criteria. অন্যদিকে, an ERP is combination of APPLICATION and RDBMS (Relation Database Management System). অর্থাৎ Database, ERP এর একটি অংশমাত্র, ERP কে শুধু database হিসেবে বিবেচনার সুযোগ নেই বরং পণ্যটি এক ধরণের Business Management Software। অতএব, আমদানিকৃত Software টি কোনরূপ Database অথবা Operating System অথবা Development Tools নয়। সুতরাং উহাকে এইচ.এস.কোড ৮৫২৩.৪৯.২১ এ শ্রেণিবিন্যাসের কোন সুযোগ নেই। উক্ত সফটওয়্যারটি Optical Media তে (সিডি আকারে) আমদানি করা হবে। সে মোতাবেক পণ্যটি (IFS Application Software/Enterprise Resource Planning Software) এইচ.এস.কোড ৮৫২৩.৪৯.২৯ এ শ্রেণিবিন্যাসিত হওয়া অধিকতর যুক্তিযুক্ত।

৫। **অগ্রিম রুলিংঃ**

হামিদ ফেব্রিক্স লিঃ কর্তৃক Compact Disc বা সিডি এর মাধ্যমে আমদানিয় IFS Application Software/ ERP (Enterprise Resource Planning) Software নামক পণ্যটি Other computer software হিসেবে এইচ.এস.কোড ৮৫২৩.৪৯.২৯ এ শ্রেণিবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৬। **অগ্রিম রুলিং এর কার্যকারিতাঃ**

এই অগ্রিম রুলিং টি জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৭। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্যঃ**

(ক) হামিদ ফেব্রিক্স লিঃ এই অগ্রিম রুলিং টি এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং-এ সংক্ষুব্ধ হলে হামিদ ফেব্রিক্স লিঃ রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট এর নিকট লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট
ও
সদস্য, গ্রেড-১ (কাস্টমস নীতি)
জাতীয় রাজস্ব বোর্ড।

**প্রাপকঃ**

**কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/১৫১

তারিখঃ ৩ অগ্রহায়ণ, ১৪২৩ বঃ
১৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২১। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২২-২৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৪। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। সভাপতি, FBCCI, ৬০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।

২৮। ডিরেক্টর, হামিদ ফেব্রিক্স লিঃ, হামিদ টাওয়ার, ২৪ গুলশান বা/এ সারকেল-২, ঢাকা-১২১২।

২৯। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

৩০। অফিস কপি/ গার্ড নথি।

১৭.১১.১৬

(মোঃ শরফুদ্দিন মিঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও
দ্বিতীয় সচিব
(কাস্টমসঃ ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং)
জাতীয় রাজস্ব বোর্ড।
ই-মেইলঃ sharfuddin009nbr@gmail.com